যুগান্তর

JAN. 30 2002

# আরও ২৬ লাখ পাঠ্যপুস্তক জরুরি ভিত্তিতে পুনঃমুদ্রণের নির্দেশ

যুগান্তর রিপোর্ট

মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের নতুন বইয়ের চাহিদা মেটানোর জন্য পাঠ্যপুস্তক বোর্ড গতকাল আরও ২৬ লাখ বই পুনঃমুদ্রণের আদেশ দিয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে মুদ্রণ শেষে এই বই বাজারজাত করার জন্য বলা হয়েছে। পুনঃমুদ্রণ শেষে দেশের প্রত্যন্ত অঞ্চলে নতুন এই বই পৌঁছাতে মধ্য ফেব্রুয়ারি পার হয়ে যাবে বলে অনেকে ধারণা করছেন। ইতিমধ্যে সারাদেশে প্রায় পৌনে দুই কোটি নতুন বই বাজারজাত করা হলেও কয়েক লাখ ছাত্রছাত্রীর হাতে এখনও নতুন বই পৌঁছেনি। নতুন শিক্ষাবর্ষের এক মাস অতিবাহিত হলেও যারা এখনও নতুন বই পায়নি তাদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে।

সূত্র জানায়, এবার মাধ্যমিক স্তরে শিক্ষার্থীদের জন্য ১ কোটি ৯৯ লাখ ৫৭ হাজার ৮৬৫টি নতুন বইয়ের চাহিদা নির্ধারণ করে ছাপার উদ্যোগ নেয়া হয়। এ লক্ষ্যে ২৬৪টি প্রেসকে ২৪ নভেম্বর ২০০১ তারিখেই ১ কোটি ৭৩ লাখ ৫১ হাজার ৩৪২টি নতুন বই ছাপার কার্যাদেশ দেয়া হয়। প্রেসগুলো ৩৯টি বিষয়ের এই নতুন বই ছেপে ২ জানুয়ারি ১১টি, ৯ জানুয়ারি ২৮টি ও ১৬ জানুয়ারি ২১টি বিষয়সহ মোট ৬০টি বিষয়ের নতুন বই বাজারজাত করে। কিন্তু চাহিদার তুলনায় কম বই ছাপা ও বাজারজাত করায় অনেক স্থানেই নতুন বইয়ের ঘাটতি দেখা দেয়। এই ঘাটতি মোকাবেলার জন্য পাঠ্যপুস্তক বোর্ড গতকাল ষষ্ঠ শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ৩৯টি বিষয়ের ২৬ লাখ ২৬ হাজার ৫২৩টি নতুন বই জরুরি ভিত্তিতে পুনঃমুদ্রণ ও বাজারজাত করার নির্দেশ দেয়। বরাদ্দ প্রাপ্তির পর প্রেসগুলো আজ বোর্ডের গুদাম থেকে কাগজ উত্তোলন করে মাত্র ৭ দিনে ছাপার কাজ শেষ করতে পারবে কিনা তা নিয়ে সন্দেহ দেখা দিয়েছে।

বোর্ড সূত্রে জানা যায়, নতুন করে পুনঃমুদ্রণের জন্য ষষ্ঠ শ্রেণীর বাংলা, ইংরেজি, গার্হস্থ্য বিজ্ঞান ও ইসলাম ধর্ম প্রতি বিষয়ে ৫০ হাজার বই এবং অংক, সমাজ ও কৃষি বিজ্ঞান প্রতি বিষয়ে ১ লাখ ৫০ হাজার বই ও হিন্দু ধর্ম বিষয়ে ২৫ হাজার বই ছাপা হবে। সপ্তম শ্রেণীর সমাজ ও গার্হস্থ্য বিজ্ঞান প্রতি বিষয়ে ৫০ হাজার বই, অংক ৭৫ হাজার বই, কৃষি বিজ্ঞান ও ইসলাম ধর্ম প্রতি বিষয়ে এক লাখ বই এবং হিন্দু ধর্ম বিষয়ে ২৫ হাজার বই, ৮ম শ্রেণীর ইংরেজি, সমাজ ও গার্হস্থ্য বিজ্ঞান প্রতি বিষয়ে ৫০ হাজার বই, অংক, কৃষি বিজ্ঞান ও ইসলাম ধর্ম প্রতি বিষয়ে ১ লাখ এবং হিন্দু ধর্ম বিষয়ে ২৫ হাজার বই ছাপা হবে। এছাড়া নবম শ্রেণীর ব্যাকরণ, সাধারণ বিজ্ঞান, গার্হস্থ্য বিজ্ঞান, জীববিজ্ঞান, ইতিহাস, ভূগোল, অর্থনীতি ও ব্যবসা পরিচয় প্রতি বিষয়ে ৫০ হাজার, বাংলা গদ্য, বাংলা কবিতা ও পৌরনীতি ৪০ হাজার, কৃষি বিজ্ঞান ও ইসলাম ধর্ম ১ লাখ, পদার্থ বিজ্ঞান ও রসায়ন ৭৫ হাজার, হিসাব বিজ্ঞান ৪৬ হাজার এবং হিন্দু ধর্ম ও ব্যবসা উদ্যোগ ২৫ হাজার করে বই পুনঃমুদ্রণের আদেশ দেয়া হয়েছে।

সরকার বই মুদ্রণ ও পুনঃমুদ্রণের মাধ্যমে প্রেসগুলোর কাছ থেকে সাড়ে ৮ শতাংশ রয়্যালটি বাবদ ৫ কোটি ৬ লাখ ২৫ হাজার টাকা পেয়েছে। গত বছরের পুরাতন বই বাজারজাত করার ব্যাপারে সরকার এবার কড়াকড়ি আরোপ করায় নতুন বইয়ের চাহিদা বৃদ্ধি পেয়েছে এবং সরকারের আয়ও বৃদ্ধি পেয়েছে।